

বান্দরবানের দেবতাখুম ভ্রমণে নিষেধাজ্ঞা

- A Monitor Desk Report

Date: 19 June, 2025



বান্দরবান : ভারী বর্ষণে অনাকাঙ্ক্ষিত ঘটনা এড়াতে বান্দরবানের রোয়াংছড়ি উপজেলার দেবতাখুম পর্যটন কেন্দ্রে পর্যটকদের ভ্রমণে নিষেধাজ্ঞা জারি করেছে প্রশাসন।

বুধবার (১৮ জুন) সন্ধ্যায় উপজেলা প্রশাসনের জারি করা গণবিজ্ঞপ্তিতে নিষেধাজ্ঞার কথা জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ভারী বর্ষণ ও পাহাড়ি ঢলে পর্যটন কেন্দ্রটি ঝুঁকিপূর্ণ হয়ে উঠেছে। এ কারণে ১৮ জুন থেকে আগামী ২৫ জন পর্যন্ত এই পর্যটন কেন্দ্রে পর্যটকদের যাতায়াতে নিরুৎসাহিত করা হচ্ছে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: সাইফুল ইসলাম জানিয়েছেন, আমরা চাই না কোনো ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটুক। ইতোমধ্যে পাহাড়ি ঝিরির পানিতে ভেসে গিয়ে কয়েকজন পর্যটকের মৃত্যু হয়েছে, এখনো একজন পর্যটক নিখোঁজ রয়েছেন। বর্তমানে প্রবল বর্ষণের কারণে দেবতাখুম পর্যটন কেন্দ্রটি খুবই ঝুঁকিপূর্ণ হয়ে উঠেছে। সবার সাথে আলোচনার পর প্রশাসনের পক্ষ থেকে এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। তবে পরিস্থিতি স্বাভাবিক হলে পর্যটন কেন্দ্রটি পুনরায় পর্যটকদের জন্য খুলে দেয়া হবে।

উল্লেখ্য, সন্ধানী তৎপরতার কারণে দীর্ঘ সময় বন্ধ থাকার পর দেবতাখুম পর্যটনকেন্দ্র গত বছরের জানুয়ারিতে খুলে দেয়া হয়। গত ১৩ জুন বান্দরবানের আলীকদমে পাহাড়ি ঝিরিতে ভেসে গিয়ে দু' পর্যটকের মৃত্যু হয়। এখনো একজন পর্যটক নিখোঁজ রয়েছেন।

অন্যদিকে, মঙ্গলবার (১৭ জুন) বিকেলে নাইক্ষ্যংছড়িতে প্রবল বৃষ্টির সময় এক পর্যটক ভেসে গিয়ে নিখোঁজ হন।

